

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৭১

১/ বিবিধ

আরবী

الطهارات أربع: قص الشارب، وحلق العانة، وتقليم الأظفار والسواك ضعيف

رواه أبو سعيد الأشج في "حديثه" (214/2) والبزار (2/370/4967) عن معاوية بن يحيى عن يونس بن ميسرة عن أبي إدريس عن أبي الدرداء مرفوعا قلت: وهذا إسناد ضعيف، معاوية بن يحيى وهو الصدفي، قال الحافظ: ضعيف وكذا قال الهيثمي في "مجمع الزوائد" (5/168) ونسبه أيضا للطبراني في "الكبير"، وتبعه المناوي في شرحيه

বাংলা

১২৭১। পবিত্রতা অর্জন করা হচ্ছে চারটি বস্তুর মধ্যে; গোফ খাটো করা, নাভির নিচের চুল নেড়া করা, নখ কাটা এবং মিসওয়াক করার মধ্যে।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে আবু সাঈদ আল-আশুজ্জ তার "হাদীস" গ্রন্থে (২/২১৪) ও বায্যার (২/৩৭০/৪৯৬৭) মুয়াবিয়্যাহ ইবনু ইয়াহইয়া হতে, তিনি ইউনুস ইবনু মায়সারা হতে, তিনি আবু ইদরীস হতে, তিনি আবুদ দারাদা (রাঃ) হতে মারফূ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। মুয়াবিয়্যাহ্ ইবনু ইয়াহইয়া হচ্ছেন সাদাফী। হাফিয ইবনু হাজার তার সম্পর্কে বলেনঃ তিনি দুর্বল।



হায়সামী "মাজমাউয যাওয়াইদ" গ্রন্থে (৫/১৬৮) অনুরূপ কথাই বলেছেন। তিনি হাদীসটিকে ত্ববারানীর "আল-মুজামুল কাবীর" গ্রন্থের উদ্ধৃতিতেও উল্লেখ করেছেন। আর ভাষ্যকার মানবী তার দুটি ব্যাখ্যামূলক গ্রন্থে তার অনুসরণ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন